

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
রাজশাহী বিভাগ
সপুরা, রাজশাহী।

স্মারক নং-জাপুক/ রাডি/ ৪/২০/২৬২-

তারিখ : ২৪/০২/২০১৬ খ্রিঃ।

“পুকুর ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ”

এতদ্বারা প্রকৃত মৎস্য ব্যবসায়ী/ আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকার স্মারক নং-জাপুক/সওউ/৩/৭৮(১ম খণ্ড)/১৮, তারিখঃ ১৭/০১/২০১৬ খ্রিঃ অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন রাজশাহী হাউজিং এন্ট্রিটের ৩নং সেট্টরে অবস্থিত ০১(এক)টি পুকুর (আয়তন ৮২৫০০.০০ বর্গফুট) ০১(এক) বৎসর মেয়াদে ইজারার লক্ষ্যে নির্ধারিত ফর্মে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম ৫০০/- (পাঁচশত) টাকা অফেরৎযোগ্য নগদ মূল্য নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সময়ে আগামী ২৪/০৩/২০১৬ তারিখ পর্যন্ত জমা করা যাবে এবং আগামী ২৭/০৩/২০১৬ তারিখে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী ও বিভাগীয় কমিশনার, রাজশাহী এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, সি এন্ড বি এর মোড়, রাজশাহী এর দপ্তরে রক্ষিত দরপত্র বক্রে গ্রহণ করা হবে। দরপত্র আগামী ২৭/০৩/২০১৬ তারিখ দুপুর ৩.০০ ঘটিকার সময় নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী এর দপ্তরে দর দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃ নং-	কাজের নাম	পুকুরের অবস্থান	জামানতের পরিমাণ
০১	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজশাহী ডিভিশনের আওতাধীন রাজশাহী হাউজিং এন্ট্রিটের ৩ নং সেট্টরে অবস্থিত ০১(এক)টি পুকুর (আয়তন ৮২৫০০.০০ বর্গফুট) ০১(এক) বৎসর মেয়াদে ইজারার কাজ।	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজশাহী ডিভিশনের আওতাধীন রাজশাহী হাউজিং এন্ট্রিটের ৩ নং সেট্টরে অবস্থিত।	উদ্ধৃত দরের ২৫% (শত করা ২৫ ভাগ) টাকা যে কোন বাংলাদেশ ব্যাংকের তফসিল ভুক্ত বানিজ্যিক ব্যাংক হতে বিডি/ডিডি/ পে-অর্ডার নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী এর অনুকূলে সীল মোহরকৃত নিলাম দরপত্রের সহিত দাখিল করতে হবে।

শর্তবলী :

- ০১। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজশাহী ডিভিশনের আওতাধীন রাজশাহী হাউজিং এন্ট্রিটের ৩ নং সেট্টরে অবস্থিত ৮২৫০০.০০ বর্গফুট আয়তন বিশিষ্ট মৎস্য চাষের উপযোগী ০১(এক)টি পুকুর ০১(এক) বৎসর মেয়াদে আগ্রহী মৎস্য চাষী / আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফর্মে উল্লেখিত শর্ত স্বাপেবে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।
- ০২। ইজারা দরপত্রের সাথে নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী এর অনুকূলে ইজারা দরপত্রের উদ্ধৃত দরের ২৫% (শত করা ২৫ ভাগ) টাকা যে কোন ব্যাংক হতে বিডি/ ডিডি/ পে-অর্ডার আকারে দাখিল করতে হবে।
- ০৩। ইজারা দরপত্রের সাথে সর্বশেষ (আপ টু ডেট) আয়কর সনদ ও সর্বশেষ (আপ টু ডেট) প্রদানকৃত ভ্যাট এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ০৪। নিলাম দরপত্রের সহিত দরপত্র জন্মের মূল রশিদ সংযুক্ত করতে হবে।
- ০৫। সর্বোচ্চ দরদাতাদের দর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর দরপত্রে উল্লেখিত সমুদয় মূল্যে পরিশোধ করতে হবে। জামানতের টাকা উক্ত টাকার সাথে সমন্বয় করা হবে।
- ০৬। দর দাতাগণ প্রয়োজনে উপ-বিভাগীয় প্রকৌশলী, রাজশাহী উপ-বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী এর সহিত যোগাযোগ পূর্বক পুকুরটি দেখিয়া লইতে পারিবেন।
- ০৭। দরপত্রে দাখিলকৃত মূল্যের উপর ৩% আয়কর এবং ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে এবং সমুদয় মূল্যে পরিশোধ পূর্বক ইজারা চুক্তি সম্পাদন করা হবে।
- ০৮। সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর উপ-বিভাগীয় প্রকৌশলী, রাজশাহী উপ-বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী কর্তৃক পুকুরটি দখল বৃত্তিতে দেওয়ার দিন হতে ০১(এক) বৎসর ইজারা মেয়াদ গণ্য করা হবে।
- ০৯। অনিবার্য কারণ বশতঃ ইজারা দরপত্র গ্রহণের/খোলার দিন কোন সরকারী ছুটি ঘোষিত হলে/ব্যতিক্রম কার্যক্রম বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে দরপত্র গ্রহণ/খোলা হবে। সময় অপরিবর্তিত থাকবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরবন করেন।

(স্বাক্ষর)
২৪/০২/২০১৬